# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২০২/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার, ১৮ এপ্রিল ২০১৮, ৫ বৈশাখ ১৪২৫**

১। রোহিঙ্গা সংকটের দ্রুত সমাধান চায় বাংলাদেশ
লন্ডনে বিশ্ব নেতৃবৃন্দের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। বিশ্বশান্তি ও নারীর ক্ষমতায়নে কাজ করার জন্য কমনওয়েলথ নেতাদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

৩। ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত

৪। শান্তিনিকেতনে থাকবে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু সংক্রান্ত যাবতীয় পুস্তক :বিশ্বভারতীতে সংস্কৃতিমন্ত্রী

৫। পবিত্র শবে বরাত পালিত হবে ১ মে

৬। কারিগরি শিক্ষায় শিক্ষার্থীর হার বাড়ানোর তাগিদ শিক্ষামন্ত্রীর

৭। এসএসসি পরীক্ষার ফল প্রকাশ ৬ মে

৮। জাতিসংঘের ৩টি গুরুত্বপূর্ণ নির্বাচনে বাংলাদেশের বিজয়

৯। বাংলাদেশি ফটো সাংবাদিক মোহাম্মদ পনির হোসেনের পুলিৎজার পুরস্কার জয়

চলমান পাতা-২

১। **রোহিঙ্গা সংকটের দ্রুত সমাধান চায় বাংলাদেশ**
**লন্ডনে বিশ্ব নেতৃবৃন্দের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সংকটের শান্তিপূর্ণ, টেকসই ও আশু সমাধানে বিশ্ব নেতৃবৃন্দের গুরুত্বপূর্ণ ভূমিকা প্রত্যাশা করে বলেছেন, মিয়ানমারের রাখাইন রাজ্য থেকে বিতাড়িত রোহিঙ্গা জনগোষ্ঠীর পুরো চাপ বাংলাদেশ একাই সামলাচ্ছে। এ বিপুল সংখ্যক উদ্বাস্তুর ধকল সইতে হচ্ছে বাংলাদেশকে। বিশ্ব নেতারাও এ বিষয়ে অনেক কিছু করেছেন। তবে বাংলাদেশ এ সংকটের শান্তিপূর্ণ, টেকসই এবং দ্রুত সমাধান চায়। গতকাল (১৭ এপ্রিল মঙ্গলবার) স্থানীয় সময় বিকালে লন্ডনে ওভারসিজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ওডিআই) এ 'বাংলাদেশ'স ডেভেলপমেন্ট স্টোরি : পলিসিজ, প্রগ্রেসেজ এন্ড প্রসপেক্টস' শীর্ষক অনুষ্ঠানে প্রধান বক্তার বক্তৃতায় তিনি এ কথা বলেন। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী আরও বলেন, মিয়ামারের ওপর আন্তর্জাতিক সম্প্রদায়কে আরো চাপ তৈরি করতে হবে, যাতে দেশটি শীঘ্রই তাদের রোহিঙ্গা নাগরিকদের ফিরিয়ে নেয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

২। **বিশ্বশান্তি ও নারীর ক্ষমতায়নে কাজ করার জন্য কমনওয়েলথ নেতাদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা একটি দারিদ্র্য, বৈষম্য ও সংঘাতমুক্ত সমাজ গঠনের ভিত্তিপ্রস্তর হিসেবে বৈশ্বিক শান্তি ও নারীর ক্ষমতায়নের ভবিষ্যৎ গড়ে তুলতে প্রচেষ্টা চালানোর জন্য কমনওয়েলথ নেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি সমাজে নারীর ক্ষমতায়নের জন্য তাদের যথাযথ শিক্ষাদানের ওপর গুরুত্বারোপ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'যথাযথ শিক্ষা ছাড়া নারীর ক্ষমতায়ন সম্ভব নয়'। প্রধানমন্ত্রী গতকাল (১৭ এপ্রিল মঙ্গলবার) লন্ডনের ওয়েস্টমিনিস্টারে রানী দ্বিতীয় এলিজাবেথ সম্মেলনকেন্দ্রে আয়োজিত 'নারীর ক্ষমতায়ন; কমনওয়েলথ সদস্য দেশসমূহের মেয়েদের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় সুশিক্ষিত করে গড়ে তোলা' শীর্ষক কমনওয়েলথ নারী ফোরামের এক অধিবেশনে এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

৩। **ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি, আলোচনাসভা, জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে পালিত হয়েছে ঐতিহাসিক মুজিবনগর দিবস। দিবসটি উপলক্ষে গতকাল (১৭ এপ্রিল মঙ্গলবার) সকাল ৭টায় আওয়ামী লীগের পক্ষ থেকে রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়। শ্রদ্ধা নিবেদন শেষে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, যারা ৭ মার্চ ও ১৭ এপ্রিলের মতো মুক্তিযুদ্ধের বিষয়গুলো স্বীকার করে না তারা ইতিহাসের আঁস্তাকুড়ে নিক্ষিপ্ত হবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (পৃ.৩,ক.২)।

৪। **শান্তিনিকেতনে থাকবে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু সংক্রান্ত যাবতীয় পুস্তক :বিশ্বভারতীতে সংস্কৃতিমন্ত্রী**

কবিগুরু রবীন্দ্রনাথের কর্মভূমি পশ্চিমবঙ্গের শান্তিনিকেতনে পাওয়া যাবে বাংলাদেশের মুক্তিযুদ্ধের যাবতীয় বই ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী এবং লড়াই শীর্ষক পুস্তক। শান্তিনিকেতনে সদ্যসমাপ্ত বাংলাদেশ ভবনে এ দুই বিষয় ছাড়াও বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের অজস্র পুস্তক ও নথি থাকবে বলে গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) বিশ্বভারতীতে জানালেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। বাংলাদেশ সরকারের অর্থেই শান্তিনিকেতনে ওই বাড়িটি প্রস্তুত করা হয়েছে। আগামী মে মাসে বিশ্বভারতীর সমাবর্তনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে যৌথভাবে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ বাংলাদেশ ভবনের উদ্বোধন করার কথা। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫)।

৫। **পবিত্র শবে বরাত পালিত হবে ১ মে**

গতকাল (১৭ এপ্রিল মঙ্গলবার) দেশের আকাশে পবিত্র শাবান মাসের চাঁদ দেখা গেছে। আজ (১৮ এপ্রিল বুধবার) থেকে শাবান মাস গণনা শুরু হবে। আগামী ১ মে মঙ্গলবার দিবাগত রাতে পবিত্র লাইলাতুল বরাত পালিত হবে। গতকাল বায়তুল মোকাররম মসজিদে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৬। **কারিগরি শিক্ষায় শিক্ষার্থীর হার বাড়ানোর তাগিদ শিক্ষামন্ত্রীর**

উন্নত বিশ্বে ৬০-৮০ ভাগ শিক্ষার্থী কারিগরি বিষয়ে পড়াশুনা করে জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ দেশেও এ শিক্ষায় শিক্ষার্থীর হার বাড়ানোর তাগিদ দিয়েছেন। গতকাল (১৭ মার্চ মঙ্গলবার) রাজধানীর পরিবহণ পুল ভবনে কারিগরি ও মাদরাসা বিভাগের কর্মকর্তাদের সাথে বাংলা নববর্ষের শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে তিনি একথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, কারিগরি শিক্ষার ব্যাপক উন্নয়নের মাধ্যমে টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন করতে হবে। তিনি বলেন, অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করে ভিশন-২০২১ অর্জন করার লক্ষ্যে বর্তমান সরকার কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাকে জনপ্রিয় করার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সূত্র- **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.৬)।

৭। **এসএসসি পরীক্ষার ফল প্রকাশ ৬ মে**

এসএসসি ও সমমানের পরীক্ষার ফল আগামী ৬ মে প্রকাশ করা হবে বলে গতকাল (১৭ এপ্রিল মঙ্গলবার) জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। ওই দিন সকাল ১০টায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ফলাফলের অনুলিপি তুলে দেয়া হবে। এরপর সেই দিন দুপুরে সচিবালয়ে সংবাদ সম্মেলন করে ফলাফলের বিস্তারিত তথ্য তুলে ধরা হবে। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.৩,ক.১)।

৮। **জাতিসংঘের ৩টি গুরুত্বপূর্ণ নির্বাচনে বাংলাদেশের বিজয়**

জাতিসংঘের ৩টি গুরুত্বপূর্ণ নির্বাচনে যুগ্মভাবে বিজয় লাভ করেছে বাংলাদেশ। কমিশন অন দ্যা স্ট্যাটাস অব উইমেন (সিএসডব্লিউ) এর ১১ সদস্যের নির্বাচনে ৪ বছর মেয়াদে (২০১৯-২০২২) এশিয়া ও প্যাসিফিক অঞ্চল থেকে বাংলাদেশ ও মালয়েশিয়া নির্বাচিত হয়েছে। অন্যদিকে ইউনিসেফ এর তহবিল পরিচালনা পরিষদের ১৪ সদস্যের নির্বাচনে ৩ বছর (২০১৯-২০২১) মেয়াদে এশিয়া ও প্যাসিফিক অঞ্চল থেকে বাংলাদেশ, মঙ্গোলিয়া ও পাকিস্তান নির্বাচিত হয়েছে। এছাড়া ইউএন উইমেন এর পরিচালনা পরিষদের ১৭ সদস্যের নির্বাচনে ৩ বছর (২০১৯-২০২১) মেয়াদে একই অঞ্চল থেকে বাংলাদেশ, ভারত, মঙ্গোলিয়া, নেপাল ও সৌদি আরব নির্বাচিত হয়েছে। গতকাল (১৭ এপ্রিল মঙ্গলবার) জাতিসংঘের স্থায়ী মিশন থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৫)।

৯। **বাংলাদেশি ফটো সাংবাদিক মোহাম্মদ পনির হোসেনের পুলিৎজার পুরস্কার জয়**

সাংবাদিকতায় বিশ্বের সবচেয়ে সম্মানজনক পুলিত্জার পুরস্কার পেয়েছেন বাংলাদেশের ফটো সাংবাদিক মোহাম্মদ পনির হোসেন। রোহিঙ্গা সংকট বিষয়ে ফিচার ফটোগ্রাফ ক্যাটাগরিতে হৃদয়বিদারক কিছু ছবি তোলার জন্য রয়টার্সের মোট সাতজন আলোকচিত্রী দলগতভাবে এ পুরস্কার পেয়েছেন। তাঁদের মধ্যে রয়েছেন বাংলাদেশের পনির হোসেনও। এর মাধ্যমে প্রথম কোনো বাংলাদেশি হিসেবে পুলিৎজার পুরস্কার পেলেন তিনি। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.,ক. ৩), **জনকণ্ঠ** (শেষপৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা আবারও ব্যাংকের মালিকদের ব্যাংকের সুদের হার কমানোর যে তাগিদ দিয়েছেন সে বিষয়ে উল্লেখ করে দ্রুত তা বাস্তবায়ন করতে ব্যাংক মালিকদের প্রতি আহ্বান।

খ. **যুগান্তর :** মে মাস থেকে শিল্প-কারখানায় নতুন করে গ্যাস সংযোগ দেওয়ার প্রক্রিয়া শুরু হওয়ার সরকারি সিদ্ধান্তের যথাযথভাবে বাস্তবায়ন প্রত্যাশা।

গ. **সমকাল :** জামালপুরের সরিষাবাড়িতে যৌতুকের দাবিতে এক গৃহবধূ স্বামী কর্তৃক শারীরিকভাবে নির্যাতনের শিকার হওয়ায় উদ্বেগ প্রকাশ করে নারীকে যৌতুকের অভিশাপ থেকে মুক্ত করতে কঠোর আইন প্রয়োগের পাশাপাশি সামাজিক আন্দোলন গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন :** দেশে দিন দিন মানসিক রোগীর সংখ্যা বৃদ্ধি পেলেও জেলা-উপজেলা হাসপাতালগুলোতে এ রোগের কোনো চিকিৎসক নেই এক প্রতিবেদনে প্রকাশিত এ অভিযোগ আমলে নিয়ে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **সংবাদ :** প্রতিবছর বাংলাদেশে বজ্রপাতে গড়ে ২০০ মানুষ মারা যাচ্ছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে বৃক্ষরোপণের পাশাপাশি সকলকে সচেতন হওয়ার আহ্বান।

ঙ. **নিউ এজ, ইন্ডিপেনডেন্ট :** সুন্দরবনের জীববৈচিত্র্য রক্ষার জন্য এর ভেতরে নৌযান চলাচল বন্ধ করে বিকল্প নৌপথ সৃষ্টির সুপারিশ।

চ. **নিউজ টুডে :** বৃষ্টির পানি সংরক্ষণের ব্যবস্থা করলে তা শুষ্ক মৌসুমে পানির অভাব অনেকটাই পূরণ করবে বলে অভিমত প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**মানবকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশে বেকার সমস্যার সমাধান করতে কারিগরি শিক্ষার বিস্তার ঘটাতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'শিল্পায়নের মহাপরিকল্পনা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশের সমৃদ্ধির পাশাপাশি বিপুলসংখ্যক বেকার মানুষের কর্মসংস্থানের জন্য শিল্পায়নের প্রয়োজন ।

#

মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা